PG Odd Semester (CBCS) Exam., December—2017

BENGALI

(3rd Semester)

Course No. : BNGCC–302

(বিশ শতকের বাংলা কবিতা—১)

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। রবীন্দ্রনাথ ঠাকুর সম্পাদিত 'বাংলা কাব্য পরিচয়' গ্রন্থে যতীন্দ্রনাথের কোন্ দুটি কবিতা স্থান পেয়েছিল? ''কবি মাত্রেই শৈব''—এই মন্তব্যের প্রেক্ষিতে যতীন্দ্রনাথের কবিতায় শিব-চেতনার অভিনবত্ব কোথায়, আলোচনা করো। ২+১২=১৪

২। কবি যতীন্দ্রনাথ সেনগুপ্তের ছদ্মনাম কী ছিল? ছদ্মনামে তিনি কী লিখেছিলেন? ''বাংলা কবিতায় রোমান্টিকতা বিরোধী সুর প্রথম শোনা যায় যতীন্দ্রনাথের রচনায়।'' পঠিত কবিতা অবলম্বনে অভিমতটি বিচার করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। জীবনানন্দের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? 'বনলতা সেন' কাব্যগ্রন্থ অবলম্বনে জীবনানন্দের প্রকৃতি-চেতনার স্বরূপ বিশ্লেষণ করো। ১+১৩=১৪

৪। জীবনানন্দের জন্মস্থান কোথায়? 'বনলতা সেন' কাব্যের পরবর্তী কাব্যগ্রন্থের নাম কী? ''আমরা মানুষ জন্ম পেয়েও পৃথিবীতে স্নিগ্ধ শুশ্রূষার জল আনতে পারিনি।'' 'বনলতা সেন' কাব্যগ্রন্থে জীবনানন্দের এই উপলব্ধি কীভাবে কাজ করেছে, প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে আলোচনা করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। কোন্ ইউরোপীয় কবি বিষ্ণু দে'কে সবচেয়ে বেশি প্রভাবিত করেছেন? কত খ্রিস্টাব্দে তিনি জ্ঞানপীঠ পুরস্কার পেয়েছিলেন? ''আধুনিক নগর জীবনের সমস্যা, হতাশাক্লিষ্ট জীবনবাস্তব, মূল্যবোধের ক্ষয়, প্রেমহীনতা—এসবই বিষ্ণু দে'র কাব্যে উঠে আসে সমাজসচেতনতার পটপ্রেক্ষায়।'' সমালোচকের এই মন্তব্য 'চোরাবালি' কাব্যগ্রন্থ সম্পর্কে কতটা যথার্থ, পর্যালোচনা করো। ১+১+১২=১৪

৬। 'চোরাবালি' ব্যতিরেকে বিষ্ণু দে'র দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। '' 'ক্রেসিডা' ও 'ওফেলিয়া' কবিতা দুটিতে বিষ্ণু দে'র প্রথম পর্বের প্রেমভাবনার বিশিষ্ট মেজাজটি ধরা পড়েছে। যুগসংকটের চাপে পুনর্নির্মিত হয়েছে শেক্সপীয়রের চরিত্র।'' মন্তব্যটি পর্যালোচনা করো। ২+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। সুধীন্দ্রনাথ দত্তের 'অর্কেষ্ট্রা' কাব্যগ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়? কবি নিজেকে 'ক্ষণবাদী' বলেছেন। তাঁর প্রেম-ভাবনায় এই 'ক্ষণবাদ' কীভাবে কাব্যরূপ লাভ করেছে, প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও। ১+১৩=১৪

৮। সুধীন্দ্রনাথ দত্ত একটি বিখ্যাত পত্রিকার সম্পাদক ছিলেন। পত্রিকাটির নাম কী? ''কবির 'নাম' কবিতাটি সাঙ্গীতিক অভিজ্ঞতার সঙ্গে ভালোবাসার অনুভব জড়িত এমন একটি আশ্চর্য কবিতা, যা বহুমাত্রিকতায় স্বতন্ত্র।'' পর্যালোচনা করো। ১+১৩=১৪

ঙ—গুচ্ছ

৯। কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মসাল কত? ''তাঁর কবিতা অন্যায়ের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ ও প্রতিরোধের ভিন্ন স্বর।'' মন্তব্যটির তাৎপর্য অন্তত তিনটি কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও। ১+১৩=১৪

১০। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। কবি নিজেই বলেছেন, ''আমি কোনো বিশেষ রাজনৈতিক দলের সঙ্গে প্রত্যক্ষভাবে যুক্ত ছিলাম না কোনও দিনই'', তথাপি তাঁর কবিতায় মার্ক্সীয় দর্শনের প্রত্যক্ষ প্রভাব সুস্পষ্ট। প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে উক্তিটির তাৎপর্য বিচার করো। ২+১২=১৪

★★★